**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 05-01-2026** **Time: 1.30 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ঐতিহ্যবাহী সোমনাথ মন্দির দেশের সভ্যতাগত চেতনাকে প্রতিফলিত করছে।

২/ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এর উপস্থিতিতে আজ গোয়ায় ভারতের উপকূল রক্ষী বাহিনীতে অন্তর্ভূক্ত হয়েছে প্রথম দূষণ নিয়ন্ত্রকারী জলযান 'সমুদ্র প্রতাপ'।

৩/ গত এগারো বছরে দেশে বৈদ্যুতিন সরঞ্জাম উৎপাদন ছয় গুণ এবং রপ্তানি আট গুণ বৃদ্ধি পেয়েছে বলে ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ জানিয়েছেন।

৪/ ভেনেজুয়েলায় মার্কিন সামরিক অভিযান নিয়ে আলোচনায় রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদ জরুরী বৈঠকে বসছে।

৫/ দ্বিতীয় 'খেলো ইন্ডিয়া' বিচ গেম্স ২০২৬, আজ দিউ-এর ঘোগলা সমুদ্র সৈকতে শুরু হচ্ছে।

--------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, হাজার বছর ধরে অস্তিত্ববাহী সোমনাথ মন্দির দেশের অবিস্মরণীয় সভ্যতাগত চেতনাকে প্রতিফলিত করে। তিনি বলেছেন, বারংবার আক্রমণ এবং বহু প্রতিকূলতার মধ্যেও সোমনাথ মন্দির মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। এক হাজার ২৬ খ্রিস্টাব্দে সোমনাথ মন্দিরের ওপর হানা প্রথম আক্রমণের পর থেকে

এক হাজার বছরের ঐতিহাসিক মাইলফলক পার উপলক্ষে প্রধানমন্ত্রী বলেন, 'সোমনাথ' শব্দটি শুনলেই মানুষের মনে গর্বের অনুভূতি জাগ্রত হয়। দেশের পশ্চিম উপকূলে গুজরাটে প্রভাস পাটন তীর্থে অবস্থিত এই মন্দির দেশের চিরন্তন আত্মিক ঐতিহ্যকেই তুলে ধরে।

প্রধানমন্ত্রী বলেন, সোমনাথের কাহিনী কেবল একটি মন্দিরের কাহিনী নয়, বরং ভারতমাতার অগণিত সন্তানের অদম্য সাহসের বীরগাথা, যাঁরা দেশের সংস্কৃতি ও সভ্যতা রক্ষা করেছিলেন। ঐতিহ্যবাহী সোমনাথ মন্দিরে বিদেশী আক্রমণের সময়কালের কথা স্মরণ করে প্রধানমন্ত্রী বলেন, ১০২৬ সালের প্রথমভাগে গজনীর মাহমুদ এই মন্দিরে হিংসাত্মক এবং বর্বরোচিত হানার মাধ্যমে বিশ্বাস ও সভ্যতার এক মহান প্রতীক ধ্বংস করার চেষ্টা করেছিলেন। শ্রী মোদী বলেন, হাজার বছর পরেও, মন্দিরটিকে এখনও আগের মতোই মহিমান্বিত করে তোলার জন্য বহু চেষ্টা ও সংকল্পও করা হয়েছে বলে প্রধানমন্ত্রী জানান।

সোমনাথ মন্দির পুনরুদ্ধারে যাঁরা অবদান রেখেছিলেন, তাঁদের প্রচেষ্টার প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, নতুন করে ভক্তদের সামনে মন্দিরটি উন্মুক্ত হওয়ার ৭৫ বছর পূর্তি উদযাপিত হবে ২০২৬ সালে, যা একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

তিনি বলেন, ১৯৫১ সালের মে মাসে, তদানীন্তন রাষ্ট্রপতি ডঃ রাজেন্দ্র প্রসাদের উপস্থিতিতে, সোমনাথ মন্দিরের দরজা নতুন করে উন্মুক্ত হয়। তিনি বলেন, স্বাধীনতার পর সোমনাথ পুনর্নির্মাণের পবিত্র দায়িত্ব সর্দার বল্লভভাই প্যাটেলের উপর বর্তায়। শ্রী মোদী উল্লেখ করেন, তৎকালীন প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু এই অনুষ্ঠানের সমর্থক ছিলেন না, রাষ্ট্রপতি এবং মন্ত্রীরা এই বিশেষ অনুষ্ঠানের সঙ্গে যুক্ত হন – এও তিনি

চাননি। এই ঘটনা ভারত সম্পর্কে খারাপ ধারণা তৈরি করলেও ডঃ রাজেন্দ্র প্রসাদ দৃঢ়চেতা অবস্থান নেওয়ায় বাকিটা ইতিহাস হয়ে ওঠে।

প্রধানমন্ত্রী, সোমনাথ এবং কাশী বিশ্বনাথ সহ দেশজুড়ে বেশ কয়েকটি মন্দির পুনরুদ্ধারে গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য অহল্যাবাঈ হোলকারের প্রতি শ্রদ্ধা জানান। তিনি ১৮৯০-এর দশকে স্বামী বিবেকানন্দের সোমনাথ সফরের কথাও স্মরণ করেন এবং ১৮৯৭ সালে তাঁর চেন্নাইয়ের ভাষণের কথাও উদ্ধৃত করেন, যেখানে বিবেকানন্দ বলেছিলেন, সোমনাথের মতো মন্দিরগুলি ভারতের ইতিহাস এবং চেতনা সম্পর্কে বইয়ের থেকেও বেশি তথ্য দেয়।

প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, সোমনাথের আজও মানুষের মন ও আত্মাকে জাগ্রত করার একই শক্তি রয়েছে। তিনি বলেন, সোমনাথ আশাবাদের এক অন্য নাম যা মানুষকে শেখায় যে ঘৃণা এবং ধর্মান্ধতা এক মুহূর্তের জন্য ধ্বংস করতে পারে, কিন্তু বিশ্বাস এবং অদম্য মনোভাব, চিরকালের জন্য সৃষ্টির গান বাঁধতে পারে।

বাইট

প্রধানমন্ত্রী বলেন, সারা বিশ্ব ভারতের দিকে অনেক আশা নিয়ে তাকিয়ে আছে। নতুন উদ্ভাবনের ক্ষেত্রে তরুণদের ওপর বিশ্ব বিনিয়োগ করতেও প্রস্তুত। তিনি বলেন, ভারতের শিল্প, সংস্কৃতি, সঙ্গীত এবং বেশ কয়েকটি উৎসব আন্তর্জাতিক হয়ে উঠছে, অন্যদিকে যোগ এবং আয়ুর্বেদ সুস্থ জীবনযাত্রার প্রচারের মাধ্যমে বিশ্বব্যাপী প্রভাব ফেলছে।

----------------------

প্রবীণ বিজেপি নেতা ও প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী মুরলী মনোহর জোশীর জন্মদিনে তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আজ সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি লেখেন, দেশের শিক্ষা ও সংস্কৃতি রক্ষায় শ্রী জোশী অবদান রেখেছেন। একজন সত্যিকারের রাষ্ট্রনেতা, বুদ্ধিজীবী ও জাতীয়তাবাদী হলেন মুরলী মনোহর জোশী।

----------------------

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, অপারেশন সিন্দুরের সময় ন্যাশনাল ক্যাডেট কোর – এন সি সি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। শ্রী রাধাকৃষ্ণন আজ নতুন দিল্লিতে এনসিসি সাধারণতন্ত্র দিবস প্যারেড ক্যাম্প ২০২৬-এ ভাষণ দেওয়ার সময় এই কথা বলেন।

অপারেশন সিন্দুরের সাফল্যের কথা তুলে ধরে শ্রী রাধাকৃষ্ণন বলেন, এই অভিযান দেশের জাতীয় সম্মান, সার্বভৌমত্ব এবং জনগণকে রক্ষা করার সংকল্প প্রদর্শন করেছে। তিনি বলেন, 'একতা ও শৃঙ্খলা' - এই মূলমন্ত্র নিয়ে এনসিসি ধারাবাহিকভাবে দায়িত্বশীল ও দেশপ্রেমিক নাগরিকদের প্রজন্মকে গড়ে তুলেছে। শ্রী রাধাকৃষ্ণন পর্বতারোহণ, বিভিন্ন দুঃসাহসিক কার্যকলাপ, বিপর্যয় মোকাবিলায় এনসিসি ক্যাডেটদের কৃতিত্বের জন্য অভিনন্দন জানান। তিনি পুনিতসাগর অভিযান, এক পেড় মা কে নাম, নেশা মুক্তি অভিযান এবং হর ঘর তিরঙ্গা-র মতো উদ্যোগেরও প্রশংসা করেন।

শ্রী রাধাকৃষ্ণন এনসিসি সাধারণতন্ত্র দিবস ক্যাম্প-২০২৬-এ অংশগ্রহণকারী এন সি সি ক্যাডেটদের শৃঙ্খলা, দেশপ্রেম এবং জাতির প্রতি সেবার আদর্শ বজায় রাখার আহ্বান জানান। উপরাষ্ট্রপতি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশ বিকশিত

ভারত-২০৪৭-এর দিকে এগিয়ে যাচ্ছে এবং দক্ষ ও সুশৃঙ্খল যুবকদের নেতৃত্বে আত্মনির্ভর ভারত গড়ে তুলছে।

---------------------

প্রবীণ বিজেপি নেতা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ তামিলনাড়ুর তিরুচিরাপল্লিতে দলের কর্মীদের সঙ্গে পোঙ্গল উৎসব উদযাপন করেছেন। সহস্রাধিক মহিলা এতে অংশগ্রহণ করেন। এই অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রীকে পূর্ণকুম্ভ সম্মান জানানো হয়। স্বরাষ্ট্রমন্ত্রী আজ সকালে সূর্যদেবকে প্রণাম জানান এবং ত্রিচির শ্রী রঙ্গনাথ মন্দির ও অখিলান্ডেশ্বরী আম্মান মন্দির পরিদর্শন করেন।

---------------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এর উপস্থিতিতে আজ গোয়ায় ভারতের উপকূল রক্ষী বাহিনীতে অন্তর্ভূক্ত হল দেশীয় প্রযুক্তিতে তৈরি প্রথম দূষণ নিয়ন্ত্রকারী জলযান 'সমুদ্র প্রতাপ'। ১১৪.৫ মিটার দীর্ঘ এই জলযানটি তৈরিতে ৭০ শতাংশেরও বেশি দেশীয় সরঞ্জাম ব্যবহৃত হয়েছে। সমুদ্র প্রতাপের অন্তর্ভুক্তি অনুষ্ঠানে প্রতিরক্ষা মন্ত্রী জাহাজটিকে দেশের সম্মিলিত সংকল্প এবং সামুদ্রিক আত্মবিশ্বাসের প্রতীক হিসেবে প্রশংসা করেন। তিনি বলেন-

বাইট

গোয়া শিপইয়ার্ড লিমিটেড দ্বারা নির্মিত, এই ১১৪ মিটার হাইব্রিড দূষণ নিয়ন্ত্রণ জাহাজটি আত্মনির্ভর ভারতের একটি অন্যতম নিদর্শন। ৪,২০০ টন ওজনের এই জলযান ২২ নটের বেশি গতি এবং ৬,০০০ নটিক্যাল মাইল পর্যন্ত চলার ক্ষমতা রাখে। পাশাপাশি এটি সামুদ্রিক দূষণ নিয়ন্ত্রণ, অনুসন্ধান ও উদ্ধার অভিযান এবং সুরক্ষা প্রদানে

গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে মনে করা হচ্ছে। শ্রী রাজনাথ সিং তাঁর বক্তব্যে দেশের ভবিষ্যতের প্রকল্পগুলিতে ৯০ শতাংশ দেশীয়করণের লক্ষ্যে শিল্পগোষ্ঠীগুলিকেও আহ্বান জানান।

-----------------------

ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, গত এগারো বছরে দেশে বৈদ্যুতিন সরঞ্জাম উৎপাদন ছয় গুণ এবং রপ্তানি আট গুণ বৃদ্ধি পেয়েছে। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী বৈষ্ণ বলেন, অ্যাপল ২০২৫ সালে ৫০ বিলিয়ন মার্কিন ডলার মূল্যের মোবাইল ফোন রপ্তানি করেছে। তিনি বলেন, এর ফলে বৈদ্যুতিন সরঞ্জাম শীর্ষ তিনটি রপ্তানি পণ্যের মধ্যে স্থান করে দিয়েছে।

মন্ত্রী বলেন, ৪৬টি যন্ত্রাংশ উৎপাদন প্রকল্প, ল্যাপটপ, সার্ভার এবং হিয়ারেবল ডিভাইস প্রস্তুতকারক সংস্থাগুলো বৈদ্যুতিন সরঞ্জামকে উৎপাদন অর্থনীতির একটি প্রধান চালিকাশক্তিতে পরিণত করছে। তিনি বলেন, চারটি সেমিকন্ডাক্টর প্ল্যান্ট এই বছর বাণিজ্যিক উৎপাদন শুরু করবে। শ্রী বৈষ্ণ উল্লেখ করেন যে, বৈদ্যুতিন সরঞ্জাম উৎপাদন ক্ষেত্রে এখন ২৫ লক্ষ কর্মসংস্থান হয়েছে। মন্ত্রী বলেন, ভারত, শীঘ্রই বৈদ্যুতিন পরিমণ্ডলে অন্যতম প্রধান শক্তি হয়ে উঠবে।

-----------------------

২০২০ সালের দিল্লি দাঙ্গার ষড়যন্ত্র মামলায় উমর খালিদ এবং শারজিল ইমামের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে সুপ্রিম কোর্ট। অভিযুক্তদের বিরুদ্ধে UAPA আইনের অধীনে একটি প্রাথমিক মামলা রয়েছে।

তবে, বিচারপতি অরবিন্দ কুমার এবং বিচারপতি এনভি আঞ্জারিয়ার-এর বেঞ্চ এই মামলায় অন্য পাঁচ অভিযুক্ত গুলফিশা ফাতিমা, মীরান হায়দার, শিফা উর রহমান, সেলিম খান এবং শাদাব আহমেদ-এর জামিন মঞ্জুর করেছে।

----------------------

দিল্লি হাইকোর্ট আজ আর জে ডি নেতা লালু প্রসাদ যাদবের একটি আবেদনের বিষয়ে কেন্দ্রীয় তদন্ত সংস্থা - সি বি আই-কে জবাব দিতে বলেছে। ওই আবেদনে কথিত আই আর সি টি সি কেলেঙ্কারিতে লালু প্রসাদের বিরুদ্ধে চার্জ গঠনের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করা হয়েছে। আদালত এই পর্যায়ে বিচার প্রক্রিয়া স্থগিত করতে অস্বীকার করে আগামী মাসের ১৪ তারিখে মামলার পরবর্তী শুনানির দিন ধার্য করেছে।

উল্লেখ্য, এই মামলায় গত বছরের অক্টোবরে লালু প্রসাদ যাদব, তাঁর স্ত্রী রাবড়ি দেবী, পুত্র তেজস্বী যাদব এবং আরও ১১ জনের বিরুদ্ধে প্রতারণা, ফৌজদারি ষড়যন্ত্র এবং দুর্নীতির অভিযোগে চার্জ গঠন করা হয়েছিল।

----------------------

২০২৫ সাল শুধুমাত্র একটি বছরই ছিল না। এই বছরটি বিশ্বমঞ্চে ভারতের উত্থানের একটি গুরুত্বপূর্ণ সময়কাল ছিল। একটি প্রতিবেদন-

( ক্যাপসুল- কাশফিন )

----------------------

মার্কিন সেনাবাহিনীর হাতে ভেনেজুয়েলার রাষ্ট্রপতি নিকোলাস মাদুরো ও তার স্ত্রী আটক হওয়ার প্রেক্ষিতে উদ্ভুত পরিস্থিতি নিয়ে আলোচনা করতে আগামীকাল জরুরি

বৈঠক ডেকেছে রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদ । পরিষদের অস্থায়ী সদস্য কলম্বিয়ার অনুরোধে এই বৈঠক ডাকা হয়েছে বলে জানা গিয়েছে। কলম্বিয়ার এই অনুরোধকে সমর্থন করেছে স্থায়ী সদস্য দেশ চিন ও রাশিয়া।রাষ্ট্রসঙ্ঘের মুখপাত্র স্টেফান দুজারিক জানান, মহাসচিব আন্তনিও গুতারেস এ ব্যাপারে খুবই উদ্বিগ্ন। তিনি বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের হানা আন্তর্জাতিক আইনকে লঙ্ঘন করেছে।

----------------------

ভেনেজুয়েলার রাষ্ট্রপতি নিকোলাস মাদুরোর বিরুদ্ধে মার্কিন পদক্ষেপের তীব্র সমালোচনা করেছে চীন। একতরফাভাবে হুঁশিয়ারি দেয় বা অন্য রাষ্ট্রের ব্যাপারে হস্তক্ষেপ করে এমন যে কোনও দেশকে প্রত্যাখ্যান করতে হবে বলে চীন সতর্ক করেছে। চীনের বিদেশমন্ত্রী ওয়াং ই বলেছেন, আন্তর্জাতিক আইনের অধীনে দেশের সার্বভৌমত্ব রক্ষিত হওয়া উচিত।

বেইজিংয়ে বক্তব্য রাখতে গিয়ে ওয়াং ই বলেন, চীন বরাবর রাষ্ট্রসংঘের সনদ মেনে চলে, সার্বভৌমত্বকে সম্মান করে এবং বার্তালাপ ও সহযোগিতার মাধ্যমে বিরোধ মীমাংসার চেষ্টাকে সমর্থন করে।

উল্লেখ্য, ভেনেজুয়েলার রাষ্ট্রপতি নিকোলাস মাদুরোকে গত শনিবার মার্কিন বাহিনী সস্ত্রীক আটক করার পর তিনি এখন আমেরিকার হেফাজতে রয়েছেন। ভেনেজুয়েলার ভাইস প্রেসিডেন্ট ডেলসি রদ্রিগেজ ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। মার্কিন রাষ্ট্রপতি, রদ্রিগেজকে ভেনেজুয়েলার সম্পদ, বিশেষ করে অপরিশোধিত তৈলক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্রকে পূর্ণ প্রবেশাধিকার দেওয়ার কথা বলেছেন। অন্যথায় মাদুরোর চেয়েও খারাপ পরিণতির মুখোমুখি হতে হবে বলেও ট্রাম্প হুঁশিয়ারি দিয়েছেন।

-----------------------

কিউবার সরকার জানিয়েছে, ভেনেজুয়েলায় মার্কিন সামরিক অভিযানে কিউবার ৩২ জন সামরিক ও পুলিশ আধিকারিক নিহত হয়েছেন। কিউবা জানিয়েছে, তাঁরা জরুরি কারণে ভেনেজুয়েলায় ছিলেন। কিউবার সরকার, তাঁদের স্মরণে দু'দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করেছে।

উল্লেখ্য, সম্প্রতি ভেনেজুয়েলার রাষ্ট্রপতি নিকোলাস মাদুরোকে সস্ত্রীক অবৈধ মাদক পাচারজনিত সন্ত্রাসবাদের অভিযোগে আটক করেছে মার্কিন যুক্তরাষ্ট্র। মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, এই অভিযানে তাঁদের কেউ হতাহত হননি তবে বিপক্ষের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।

----------------------

দ্বিতীয় খেলো ইন্ডিয়া বিচ গেমস আজ দিউ-এর ঘোঘলা সমুদ্রসৈকতে শুরু হচ্ছে। দুই হাজার একশোরও বেশি ক্রীড়াবিদ এই প্রতিযোগিতায় অংশ নিচ্ছেন। তারা আটটি ভিন্ন বিচ গেমসে অংশ নেবেন। অনুষ্ঠানটির আয়োজন করেছে কেন্দ্রশাসিত অঞ্চল দাদরা ও নগর হাভেলি এবং দমন ও দিউ। আগামী ১০ই জানুয়ারি পর্যন্ত চলবে এই প্রতিযোগিতা।

---------------------- ---------------------